দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৯.৮.৮৮ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

040

# ৮ম শ্রেণী হইতে নয়া পরীক্ষা ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত

এক সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়া বাসস জানায়, গতকাল (সোমবার) শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদের সভাপতিত্বে মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্ক ফোর্সের এক বৈঠক অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রী পরিবর্তনশীল চাহিদার সঙ্গে সঙ্গতি রাখিয়া পরীক্ষা ব্যবস্থা পুনর্বিন্যাসের জরুরী প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এই সংস্কার বর্তমান ব্যবস্থার বহুবিধ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা ব্যবস্থা

( ১ম পৃঃ পর )

অসুবিধা দূর করিবে। শিক্ষা গবেষণা ইন্সটিটিউটের (আই ই আর) সাবেক পরিচালক ডঃ মাযহারুল হকের নেতৃত্বে গঠিত টাস্ক ফোর্স ১৯৮৩ ব্যবস্থার ব্যাপক পর্যালোচনা করেন।

বৈঠকে টাস্ক ফোর্সের রিপোর্ট সম্পর্কে আলোচনা করা হয় এবং বর্তমান বিবরণধর্মী প্রশ্নের পাশাপাশি বস্তুনিষ্ঠ ধারনের প্রশ্ন করার মাধ্যমে ১৯৮৯ সালে জানুয়ারী মাস হইতে ৮ম শ্রেণী হইতে বর্তমান পরীক্ষা ব্যবস্থার পরিবর্তে অধিক বৈজ্ঞানিক ধরনের পরীক্ষা ব্যব... প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হ... ১৯৯২ সালে এসএসসি ... ক্ষায় পুনর্বিন্যাসকৃত নয়া প... ব্যবস্থা সম্প্রসারিত হইবে। ... এই সিদ্ধান্ত বাস্তবায়নের ... একটি কর্ম পরিকল্পনা ... জন্য টাস্ক ফোর্সকে নির্দে... হয়।